

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৭৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নামাযের ওয়াক্তসমূহ এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ।

بَابُ ذِكْرِ بَيَانِ الْمَوَاقِيتِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

## আরবী

حَدَّثَنَا أَبُو عُمَرَ الْقَاضِي ، ثَنَا الْعَبَّاسُ بْنُ مُحَمَّدٍ الدُّورِيُّ ، نَا هَارُونُ بْنُ مَعْرُوفٍ ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ ، أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ أَنَّ مُوسَى بْنَ سَعْدٍ الْأَنْصَارِيَّ حَدَّثُهُ ، عَنْ حَفْصِ بْنِ عُبَيْدِ اللَّهِ ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ ، قَالَ : " صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ الْعَصْرَ ، فَلَمَّا انْصَرَفَ أَتَاهُ رَجُلٌ مِنْ بَنِي سَلِمَةَ ، فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، إِنَّا نُرِيدُ أَنْ نَنْحَرَ جَزُورًا لَنَا فَنُحِبُ أَنْ تَحْضُرَنَا . قَالَ : " سَلِمَة ، فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، إِنَّا نُرِيدُ أَنْ نَنْحَرَ جَزُورًا لَنَا فَنُحِبُ أَنْ تَحْضُرَنَا . قَالَ : " نَعْمْ " ، فَانْطَلَقَ وَانْطَلَقَ وَانْطَلَقَ مَعَهُ ، فَوَجَدْنَا الْجَزُورَ لَمْ تُنْحَرْ ، فَنُحِرَتْ ، ثُمَّ قُطِعتْ ، ثُمَّ طُبِخَ مِنْهَا ، فَأَكُلْنَا قَبْلَ أَنْ تَغِيبَ الشَّمْسُ

## বাংলা

৯৭৮(১৭). আবু উমার আল-কার্যী (রহঃ) ... আনাস ইবনে মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের আসরের নামায পড়ালেন। তাঁর নামায শেষে বনু সালামার এক ব্যক্তি এসে বলল, ইয়া রাসূলাল্লাহ! আমরা আমাদের একটি উট যবেহ করতে চাই। আমাদের এখানে আপনার উপস্থিতি কামনা করি। তিনি বলেনঃ হাঁ। অতএব তিনি গেলেন এবং আমরাও তাঁর সঙ্গে গেলাম। আমরা পৌঁছে দেখলাম, উটটি যবেহ করা হয়নি। অতএব আমি তা যবেহ করলাম, তারপর মাংস টুকরা টুকরা করলাম, তারপর তা থেকে রান্না করা হলো এবং আমরা সূর্যাস্তের পূর্বে তা আহার করলাম।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন